বিপুল বিনিয়োগের সম্ভাবনা মোটরসাইকেল শিল্পে

শহরের তীব্র যানজট, গ্রামের দূর-দূরান্ত রাস্তা পার করে সময়মতো গন্তব্যে পৌঁছতে ভরসার বাহন মোটরসাইকেলের চাহিদা বাড়ছে দিন দিন। বাড়তি চাহিদা মেটাতে দেরিতে হলেও বাংলাদেশের কয়েকটি প্রতিষ্ঠান দেশেই মোটরসাইকেল উৎপাদন শুরু করেছে, সংযোজন করে বাজারজাত করছে বেশ কিছু প্রতিষ্ঠান। এ শিল্প সম্প্রসারণে গত কয়েক বছর ধরে ধারাবাহিকভাবে শুল্ক করে ছাড় দিচ্ছে সরকার। ফলে রাজধানীসহ সারা দেশে বিদেশি প্রিমিয়াম মডেলের মোটরসাইকেলের সঙ্গে দেশে উৎপাদিত ও সংযোজিত মোটরসাইকেলের সংখ্যাও বাড়ছে। এসব বিবেচনায় বাংলাদেশে বিভিন্ন ব্র্যান্ডের মোটরসাইকেলের ডিস্ট্রিবিউটর কম্পানিগুলো দেশেই সংযোজন ও উৎপাদনে বিনিয়োগ বাড়ানোর পরিকল্পনা করছে। http://www.kalerkantho.com

রোটারি ক্লাবের জন্য ক্রেডিট কার্ড আনল মাস্টারকার্ড

ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) ও রোটারি ইন্টারন্যাশনাল বাংলাদেশ মাস্টারকার্ডের সঙ্গে অংশীদারে সম্প্রতি রোটারি ইন্টারন্যাশনাল বাংলাদেশের সদস্যদের জন্য একটি এক্সক্লুসিভ কো-ব্র্যান্ডেড মাস্টারকার্ড টাইটানিয়াম কার্ড চালু করেছে। এই কার্ডে রয়েছে নানা সুবিধা। এর মধ্যে আছে : প্রথম বছরে এই কার্ড ইস্যু করার সময় রোটারি ক্লাবের সদস্যদের কাছ থেকে কোনো ফি নেওয়া হবে না। একইভাবে প্রথম দুবার সাপ্লিমেন্টারি কার্ড ইস্যু করার ক্ষেত্রেও কোনো ফি নেওয়া হবে না। রোটারি ক্লাবের সদস্যরা একটি কার্ডে বছরে ১৮ বার লেনদেন করলে পরের বছরে কার্ড নবায়নে কোনো ফি লাগবে না।http://www.kalerkantho.com

সরকারি নজরদারিতে মোটাতাজাকরণ

কোরবানির জন্য সরকারি নজরদারিতে ৩৩ লাখ ৩০ হাজার গরু মোটাতাজা করা হয়েছে। ক্রেতাদের চাহিদা সামনে রেখে তৈরি এসব গরু কোরবানির হাটে পাওয়া যাবে। কোনো ধরনের নিষিদ্ধ রাসায়নিক বা স্টেরয়েড, হরমোন ও অ্যান্টিবায়োটিক ব্যবহার করা হয়নি। কেন্দ্রীয় ও স্থানীয় প্রাণিসম্পদ বিভাগের সার্বক্ষণিক নজরদারিতে প্রাকৃতিক ও বৈজ্ঞানিক উপায়ে এসব গবাদিপশু মোটাতাজাকরণ হয়েছে। এর পরও বিষয়টি নিশ্চিত করতে হাটে উঠানোর আগে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের উপস্থিতিতে প্রতিটি পশুর শরীর পরীক্ষা-নিরীক্ষা করবেন ভেটেরিনারি চিকিৎসকরা। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কোরবানি পশুর সরবরাহ-সংক্রান্ত প্রস্তুতিবিষয়ক এক কার্যপত্রে এসব তথ্য পাওয়া গেছে।http://www.jugantor.com

দক্ষ শ্রমিক সংকটে পোশাক শিল্প

দক্ষ শ্রমিক সংকটে ভুগছে দেশের পোশাকশিল্প। তৈরি পোশাক শিল্প ঘন এলাকাতে গেলে তা সহজেই অনুধাবন করা যায়। প্রতিদিই সুইং অপারেটর, কোয়ালিটি ইন্সপেক্টর, ফিনিশিং অপারেটর ও কোয়ালিটি কন্ট্রোলারের মতো পদে দক্ষ শ্রমিক নিয়োগের বিজ্ঞাপন টাঙানো হচ্ছে। বর্তমানে পোশাক শিল্পে ১ লাখ ২০ হাজার দক্ষ শ্রমিকের অভাব আছে। ২০২১ সাল নাগাদ শুধু এ খাতে দক্ষ শ্রমিক দরকার ৩৬ লাখ ৬৬ হাজার। আর ২০২৬ সালে প্রয়োজন হবে ৫০ লাখ ২৭ হাজার দক্ষ শ্রমিকের।http://www.jugantor.com

পর্যবেক্ষক দিয়ে চলছে এক-চতুর্থাংশ ব্যাংক

রিচালকদের অনাকাঙ্ক্ষিত হস্তক্ষেপ ও রাজনৈতিক চাপে সুশাসন ভেঙে পড়েছে দেশের অধিকাংশ ব্যাংকে। অনিয়মের কারণে নাজুক অবস্থায় পড়া এক-চতুর্থাংশ বা ১৪টি ব্যাংকে এরই মধ্যে পর্যবেক্ষক বসিয়েছে বাংলাদেশ ব্যাংক। তার পরও নিয়ন্ত্রণে আসছে না খেলাপি ঋণের হার। আর্থিক কেলেঙ্কারিতে জড়িয়ে প্রতিনিয়তই আলোচনায় আসছে দেশের কোনো না কোনো ব্যাংকের নাম। ব্যাংক পরিচালনায় সুশাসনের অভাবে দ্বন্দ্বে জড়িয়ে পড়ছেন বেসরকারি ব্যাংকের উদ্যোক্তারাও।http://bonikbarta.net

গ্যাসের অপেক্ষায় এ্যাপোলো ইস্পাতের এনওএফ প্লান্ট

প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে সংগৃহীত অর্থে এ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিমিটেডের নন-অক্সিডাইজিং ফারনেস (এনওএফ) প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্পের প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ অবকাঠামো স্থাপনের কাজ এরই মধ্যে সম্পন্ন হয়েছে। শুধু গ্যাসের সরবরাহ পেলে এক মাসের মধ্যেই পরিবেশবান্ধব এ প্লান্টে উত্পাদন শুরু সম্ভব হবে বলে জানিয়েছেন কোম্পানির কর্মকর্তারা।গতকাল নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে এ্যাপোলো ইস্পাতের কারখানা ঘুরে দেখা যায়, এনওএফ প্রকল্পের জন্য জার্মানি থেকে আমদানি করা সব যন্ত্রপাতি বসানোর কাজ শেষ। অবকাঠামোগত স্থাপনার নির্মাণকাজ আগেই সম্পন্ন হয়েছে। সম্প্রতি এ প্রকল্পের জন্য গ্যাস বরাদ্দের অনুমোদনও পেয়েছে কোম্পানিটি। তবে সেখানে এখনো গ্যাস সংযোগ পায়নি তারা।http://bonikbarta.net

ছয় বছরে স্টুডেন্ট অ্যাকাউন্টে জমা সাড়ে ১১ হাজার কোটি টাকা

গত ছয় বছরে স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় মোট ১৩ লাখ ৭৪ হাজার ৪৪৩টি স্টুডেন্ট অ্যাকাউন্ট খোলা হয়েছে। আর এসব অ্যাকাউন্টে জমা পড়েছে প্রায় ১১ হাজার ৫০০ কোটি টাকা। গতকাল কুষ্টিয়ার পৌর অডিটরিয়ামে আয়োজিত স্কুল ব্যাংকিং কনফারেন্সে বক্তারা একথা জানান।স্কুলপড়ুয়া শিক্ষার্থীদের সঞ্চয় ও ব্যাংকিং ধারণায় উত্সাহিত করতেই গতকাল এ কনফারেন্সের আয়োজন করা হয়। এর আয়োজক হিসেবে ছিল এবি ব্যাংক। অনুষ্ঠানটিতে বাংলাদেশ ব্যাংকসহ জেলায় কার্যরত সব ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তা ও ৩০টি স্কুলের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা অংশগ্রহণ করেন।http://bonikbarta.net

চাঙ্গা বাণিজ্য ও প্রবৃদ্ধি সত্ত্বেও রাশিয়া নিয়ে বিনিয়োগকারীদের অস্বস্তি

সপ্তাহ খানেক আগে রাশিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞা অনুমোদন দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সদ্য মন্দা পার হওয়া দেশটির ওপর এর প্রভাব নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েছে স্থানীয় কোম্পানি ও বিদেশী বিনিয়োগকারীরা। তবে দ্বিতীয় প্রান্তিকে দেশটির জিডিপি প্রবৃদ্ধি ও চীনের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্য চাঙ্গা হয়ে ওঠার খবর তাদের কিছুটা স্বস্তি দিলেও এর দীর্ঘমেয়াদি প্রভাব নিয়ে শঙ্কিত হয়ে পড়ছেন ব্যবসায়ীরা। খবর এএফপি, ফিন্যান্সিয়াল টাইমস ও সিনহুয়া।http://bonikbarta.net

রফতানি কমিয়ে দরপতন রোধের চেষ্টায় সৌদি আরব

অপরিশোধিত জ্বালানি তেলের ক্রমাগত দরপতনের লাগাম টানতে শীর্ষ উত্তোলনকারী ও রফতানিকারক দেশ সৌদি আরব পণ্যটির উত্তোলন ও রফতানি দুটোই কমিয়েছে। এরই ধারাবাহিকতায় আগামী সেপ্টেম্বরেও দেশটি থেকে বিশ্বব্যাপী অপরিশোধিত জ্বালানি তেলের রফতানি কমবে দৈনিক অন্তত ৫ লাখ ২০ হাজার ব্যারেল। আন্তর্জাতিক বাজারে পণ্যটির চাহিদা ও সরবরাহে ভারসাম্য এনে দরপতনের লাগাম টানতেই সৌদি প্রশাসন এ উদ্যোগ নিচ্ছে বলে দেশটির জ্বালানি খাত-সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। খবর রয়টার্স।http://bonikbarta.net